

Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 10 April, 2025

সাভারে দাবিকৃত চাঁদার টাকা না পেয়ে অস্ত্রের মুখে জিম্মি করে বংশী নদীতে নৌকা লুটের ঘটনা ঘটেছে।

বুধবার (৯ এপ্রিল) বিকেলে সাভার পৌর এলাকার কর্ণপাড়া মহল্লায় মিলন ঘাটে বংশী নদীতে এ ঘটনা ঘটে।

নৌকা দুইটি মিলন ঘাট এলাকায় খেয়া পারাপরের কাজে ব্যবহার করছিল ইজারাদার কামরুল ইসলাম।

ইজারাদার কামরুল ইসলামের ছেলে হেদায়েতুলা বলেন, আমরা দীর্ঘ দিন যাবৎ সাভারের কাতলাপুর কর্ণপাড়া মিলনঘাটে বৈধ ভাবে ইজারা নিয়ে ব্যবসা পরিচালনা করে আসছি। অন্তর নামে এক ব্যক্তি ও তার বাহিনী ঈদ উপলক্ষে পাঁচ লক্ষ টাকা চাঁদাদাবি করে। এসময় আমি তাদের টাকা দিতে পারবো না বলে জানিয়ে দেই এবং ঈদে পাঞ্জাবি দিবো বলে জানাই। কিন্তু তারা আজ বিকেলে অন্তরসহ কয়েক জন পিস্তল নিয়ে আসে। সেসময় ঘাটে থাকা মাঝিকে অস্ত্রের মুখে জিম্মি করে দুইটি ইঞ্জিন চালিত নৌকা লুট করে নিয়ে যায়। এসময় ঘাটে আতঙ্ক সৃষ্টি করার জন্য সন্ত্রাসীরা তিন রাউন্ড গুলি করেছে বলে জানান তিনি।

এ ঘটনা জানতে অন্তরকে মুঠোফোনে একাধিকবার যোগাযোগ চেষ্টা করা হলেও তার মোবাইল নাম্বার বন্ধ পাওয়া যায়।

সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুয়েল মিয়া বলেন, তাদের নিজেদের মধ্যে নৌকা নেওয়ার ঘটনা ঘটেছে। তবে পিস্তল দিয়ে জিম্মি করে নৌকার নেওয়ার ঘটনা জিজ্ঞাসা করলে ওসি বলেন, ঘটনাস্থলে পুলিশ রয়েছে। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

মামলার বাদী কামরুল ইসলাম বলেন, রাত ১ ঘটিকার সময় পুলিশ অভিযান চালিয়ে ২ টি ইঞ্জিন চালিত নৌকা উদ্ধার করা হয়েছে।

পুলিশ আরও জানান গতকাল রাতেই মামলা দায়ের করা হয়েছে।

সাভার চাঁদা

URL: <https://timestodaybd.com/across-the-country/775807537>